# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

প্রশাসন বিভাগ
সাধারণ শাখা
www.manikganjpourashava.com

স্মারক নং- মাপৌ/প্রশাঃ-সাধাঃ-২০২৫-৪৬৪ তারিখঃ ২৯/০৫/২০২৫ খ্রিঃ

**"মানিকগঞ্জ পৌরসভার পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির ৯ম (বাজেট সভা) সভার কার্যবিবরণী"**

সভার নম্বর : ০৯ (নবম)

সভাপতি : জনাব সানজিদা জেসমীন, প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা।

তারিখ : ২৮ মে ২০২৫ খ্রি.

বার : রোজ বুধবার

সময় : ১১.০০ ঘটিকা

সভার স্থান : পৌরসভার সভা কক্ষ, মানিকগঞ্জ পৌরসভা।

**সভায় উপস্থিত মানিকগঞ্জ পৌরসভার পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সম্মানিত সদস্যবৃন্দ :**

০১। জনাব সানজিদা জেসমীন, প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা।

০২। জনাব ডাঃ মোঃ খুরশীদ আলম, সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, মানিকগঞ্জ।

০৩। জনাব ড. রবীআহ নূর আহমেদ, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মানিকগঞ্জ।

০৪। জনাব বিশ্বনাথ বনিক, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মানিকগঞ্জ।

০৫। জনাব এবিএম খোরশেদ আলম, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ।

০৬। জনাব গাজী ফাতিমা ফেরদৌস, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ।

০৭। জনাব মোঃ আমীর হোসেন, জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস, মানিকগঞ্জ।

০৮। জনাব গকুল চন্দ্র দেবনাথ, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, মানিকগঞ্জ।

০৯। জনাব হোসনে নাজনীন আরা, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, মানিকগঞ্জ।

সভার প্রারম্ভে প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভা, পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির অদ্যকার সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দদেরকে শুভেচ্ছা জানান এবং পৌর নির্বাহী কর্মকর্তাকে আলোচ্য সূচি মোতাবেক পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির আলোচ্য সূচি উপস্থাপনের আহ্বান জানান।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :** সভায় প্রশাসক কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো: বজলুর রহমান পূর্ববর্তী | বিস্তারিত আলোচনান্তে গত ১৬/০৪/২০২৫ খ্রি. তারিখের পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সভার কার্যবিবরণীর | পৌর নির্বাহী কর্মকর্তা |

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ১৬/০৪/২০২৫ খ্রি. তারিখের পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সভার কার্যবিবরণী উপস্থিত সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | কোন প্রকার পরিবর্তন ও সংশোধন না থাকায় পঠিত সভার কার্যবিবরণী অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো। | মানিকগঞ্জ পৌরসভা |
| ০২ | **মানিকগঞ্জ পৌরসভার ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত ও ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট ও কর প্রস্তাব বিষয়ে আলোচনা :** প্রশাসক কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো: বজলুর রহমান সভাকে অবহিত করেন যে, ২০২৫-২০২৬অর্থ বছরের প্রস্তাবিত বাজেট কি ভাবে প্রণয়ন করলে মানিকগঞ্জ পৌরসভা ও পৌরবাসীর উপকারে আসবে সে বিষয়ে বাজেট প্রস্তুত নীতিমালা ও প্রশাসক মহোদয়ের নির্দেশনার প্রেক্ষিতে প্রথম পর্যায়ে মানিকগঞ্জ পৌরসভার শাখা প্রধানদের নিকট হতে মতামত গ্রহণ করা হয়েছে। সংকলিত খসড়া বাজেট গত ১৫/০৫/২০২৫ খ্রি. তারিখে সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থাপন করে মতামত ও ধারণা গ্রহণ পূর্বক সুপারিশ গ্রহণ করা হয়। তারই ধারাবাহিকতায় গত ২১ মে ২০২৫ খ্রি. তারিখ মানিকগঞ্জ পৌরসভার শহর সমন্বয় কমিটির সভায় ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত ও ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট ও কর প্রস্তাব উপস্থাপন করা হয় এবং সকলের মতামত গ্রহণ করা হয়। পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটিতে পৌর নির্বাহী কর্মকর্তা বলেন, বাজেট একটি প্রতিষ্ঠানের আগামী অর্থ বছরের জন্য আয় ব্যয়ের দর্পন বা উন্নয়ন পরিকল্পনার একটি কাল্পনিক চিত্র। আগামী অর্থ বছরে কি ধরণের পরিকল্পনা গ্রহণ করা হবে, কি ভাবে নাগরিকদের সেবার মান বৃদ্ধি করা যাবে তারই একটি রূপকল্প সকলের মতামতের ভিত্তিতে সরকার কর্তৃক নির্ধারিত ফরমেট অনুযায়ী ও প্রশাসকের বিশেষ নির্দেশনা অনুসারে খসড়া বাজেট ও কর প্রস্তাব সংকলন করা হয়েছে।<br><br>সার্বিক বিষয় বিবেচনা ও বাস্তবতার নিরিখে কৃচ্ছতা সাধন করে পুঙ্খানু পুঙ্খ বিচার বিশ্লেষণ পূর্বক ২০২৫-২০২৬অর্থ বছরের প্রস্তাবিত বাজেটের খসড়া তৈরী করা হয়েছে। মানিকগঞ্জ পৌরসভার ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত ও ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান। খসড়া বাজেটে প্রারম্ভিক জের সহ রাজস্ব আয় ধরা হয়েছে ৪৮,৪৬,৪৪,৩৩২.১৩ (আটচল্লিশ কোটি ছয়চল্লিশ লক্ষ চুয়াল্লিশ হাজার তিনশত বত্রিশ টাকা তেরো পয়সা মাত্র) টাকা, রাজস্ব ব্যয় ধরা হয়েছে ৪৩,১৩,৩৫,০০০.০০ (তেতাল্লিশ কোটি তেরো হাজার পঁয়ত্রিশ হাজার) | বিস্তারিত আলোচনান্তে পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক উপস্থাপিত প্রয়োজনীয় সংশোধন সহ বাজেট ও কর প্রস্তাবনা ২০২৪-২০২৫ অর্থ বছরের সংশোধিত ও ২০২৫-২০২৬ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট ও কর প্রস্তাব অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো এবং অনুমোদিত বাজেট সংশ্লিষ্ট দপ্তর সমূহে আগামী ৩০মে,২০২৫ খ্রি. মধ্যে প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো (বাজেট বহি সংযুক্ত)। | পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা |

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | টাকা, সমাপনী জের ৫,৩৩,০৯,৩২২.১৩ ( পাঁচ কোটি তেতত্রিশ লক্ষ নয় হাজার তিনশত বাইশ টাকা তেরো পয়সা মাত্র), উন্নয়ন খাতে প্রারম্ভিক জের সহ আয় ধরা হয়েছে ১০৯,৯৬,০৭,১৪৭.৩২ (একশত নয় কোটি ছিয়ানব্বই লক্ষ সাত হাজার একশত সাতচল্লিশ টাকা বত্রিশ পয়সা) ও উন্নয়ন খাতে ব্যয় ধরা হয়েছে ৯১,৮০,০০,০০০/-(একানব্বই কোটি আশি লক্ষ) টাকা, সমাপনী জের ১৮,১৬,০৭,১৪৭.৩২ (আঠারো কোটি ষোলো লক্ষ সাত হাজার একশত সাতচল্লিশ টাকা বত্রিশ পয়সা)। সর্বমোট আয় ধরা হয়েছে ১৩৭,৪৫,৮৫,০০০/-(একশত সাইত্রিশ কোটি পঁয়তাল্লিশ লক্ষ পঁচাশি হাজার) টাকা ও সর্বমোট ব্যয় ধরা হয়েছে ১৩৪,৯৩,৩৫,০০০/-(একশত চৌত্রিশ কোটি তিরানব্বই লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত সংশোধিত ও প্রস্তাবিত খসড়া বাজেট ও কর প্রস্তাবের খুঁটিনাটি ভুলভ্রান্তি থাকলে প্রয়োজনীয় সংশোধনের জন্য উপস্থিত সকলকে বিনয়ের সহিত অনুরোধ জানান। পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যগণ বলেন, বাজেটের আকার বৃদ্ধি করা সমুচীন হবে না। তারা আরো বলেন, বাস্তবতার নিরীখে আয়ের সহিত ব্যয়ের সঙ্গতি রেখে পৌরবাসীর মঙ্গলার্থে বাস্তবধর্মী বাজেট ও কর প্রস্তাব তৈরী ও কার্যকর করা আবশ্যক। উপস্থাপিত সংকলিত খসড়া বাজেট ও কর প্রস্তাবের উপর উপস্থিত পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন। | | |
| | **<u>বিবিধ : ১ : ঈদ-উল-আযহা,২০২৫ উদযাপন উপলক্ষে ভিজিএফ খাদ্যশস্য এর চাউল বিতরণ সংক্রান্ত আলোচনা :</u>** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, জেলা প্রশাসকের কার্যালয় (ত্রাণ ও পুনর্বাসন শাখা) মানিকগঞ্জ এর স্মারক নং- ৫১.০১.৫৬০০.০০০.৪২.০১৮.২৫.২৭১ তারিখ: ০৭/০৫/২০২৫ খ্রি. এর মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থ বছরে পবিত্র ঈদ-উল-আযহা/২০২৫ উপলক্ষ্যে ৪৬.২১০ মেঃ টন ভিজিএফ খাদ্যশস্য (চাল) পাওয়া গেছে। মানিকগঞ্জ পৌরসভায় বিতরণের জন্য ৪,৬২১ (চার হাজার ছয়শত একুশ) টি কার্ড বরাদ্দ সহ প্রতি কার্ডে ১০ কেজি হারে চাল বিতরণের নির্দেশনা প্রদান করেছেন। এ বিষয়ে সভার সভাপতি উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, ঈদ-উল-আযহা উপলক্ষে প্রাপ্ত ভিজিএফ কার্ড গুলো যেন পৌর এলাকার একেবারেই গরিব ও হত দরিদ্র লোকজন পায়। সে লক্ষে পৌর নির্বাহী কর্মকর্তা ভিজিএফ এর চাউল বিতরণের কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। প্রস্তুতকৃত কর্মপরিকল্পনা অনুযায়ী তিনি বলেন শহর সমন্বয় কমিটি (TLCC) ও ওয়ার্ড কমিটির প্রতিজন সদস্যদেরকে ৩০(ত্রিশ) টি করে এবং পৌর কার্যে সহায়তাকারী মানিকগঞ্জ পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদেরকে প্রতিজনকে ১০(দশ) টি করে এবং এর বাহিরে | বিস্তারিত আলোচনান্তে ভিজিএফ এর বরাদ্দকৃত ৪৬.২১০ মে:টন চাউল উত্তোলন পূর্বক উপস্থাপিত কর্মপরিকল্পনা মোতাবেক ভিজিএফ খাদ্যশস্য (চাল) সঠিক পরিমাপ অনুযায়ী ১০(দশ) কেজি হারে বিতরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো এবং ভিজিএফ কার্ডের চাউল বিতেরণের তারিখ সমূহে (আগামী ০৩, ০৪ ও ০৫ জুন, ২০২৫ খ্রি. তারিখ) পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির প্রতিনিধি প্রেরণ পূর্বক চাউল বিতরণের তারিখ সমূহে উপস্থিত থেকে ভিজিএফ চাউল বিতরণ কাজে সার্বিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা |

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>অবশিষ্ট ভিজিএফ কার্ড প্রতি ওয়ার্ডে সমন্বয় পূর্বক কর্মপরিকল্পনা উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।</td><td></td><td></td></tr>
<tr><td></td><td>বিবিধ : ২ : ১৪৩২ বাংলা সনের জন্য বিভিন্ন মহাল ইজারা সংক্রান্ত আলোচনা : পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, হাট বাজার সহ বিভিন্ন মহাল ইজারা প্রদানের জন্য ১৪৩২ বাংলা সনের ১ম বারের ইজারা বিজ্ঞপ্তির মাধ্যমে ১২টি মহালের মধ্যে ৬টি ইজারা মহল ইজারা প্রদান করা হয়েছে। নিম্ন লিখিত ৬টি ইজারা মহাল ইজারা দেওয়া সম্ভব হয়নি।<br>০১। হাট বাজার। ০২। মাছ বাজারের সামনে গণশৌচাগার। ০৩। খাদ্য গুদামের সামনে গণশৌচাগার। ০৪। বেউথা ঘাটের গণশৌচাগার। ০৫। বাস টার্মিনালের স্ন্যাকস। ০৬। ডিসি কোর্ট সংলগ্ন গণশৌচাগার।<br>এ বিষয়ে তিনি আরো জানান যে, মানিকগঞ্জ পৌরসভার নিয়ন্ত্রিত হাট বাজার সহ ৬(ছয়)টি মহাল পূন: ইজারা প্রদানের নিমিত্তে ৬ষ্ঠ বার ইজারা প্রদানের নির্ধারিত দরপত্র গ্রহনের তারিখে শুধুমাত্র হাটবাজার মহালের ০১(এক)টি মাত্র দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রের দাখিলকৃত দর ৭০,০০০/- (সত্তুর হাজার) টাকা। যাহা সরকারি মূল্যের চেয়ে কম। দরপত্র মূল্যায়ন কমিটি উক্ত মহালটি ইজারা প্রদানের সুপারিশের জন্য পৌর সম্পাদন সহায়তা কমিটির সভায় পেশ করেন। এ বিষয়ে তিনি আরো জানান যে, ইজারা না হওয়ার কারণ সম্বলিত পৌর পৌরসভার স্মারক নং-মাপৌ:প্রশা:বা:শা:/২০২৫/৩৭৫ তারিখ : ২৮/০৪/২০২৫ খ্রি. এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে বৈশাখ মাস শুরু হয়েছে বিধায় খাস আদায় কার্যক্রম চলছে। কিন্তু আদায়ের হার অনেকটা হতাশা ব্যঞ্জক। খাস আদায় না হওয়ার বিস্তারিত কারণ সভায় তুলে ধরা হলো। এ বিষয়ে কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন এবং ০৩(তিন) সদস্য কমিটি গঠন পূর্বক খাস আদায় না হওয়ার কারন সম্বলিত বিস্তারিত প্রতিবেদন প্রণয়ন পূর্বক প্রশাসক মহোদয়কে সিদ্ধান্ত গ্রহণের আহবান জানান।</td><td>বিস্তারিত আলোচনান্তে মানিকগঞ্জ হাট বাজর মহাল ইজারা প্রদানের বিষয়ে নিম্নলিখিত গঠিত কমিটি গঠণ করা হলো। গঠিত কমিটি জরুরী ভিত্তিতে প্রতিবেদন প্রস্তুত পূর্বক প্রশাসক, মানিকগঞ্জ পৌরসভার নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।<br><table><tr><th>ক্রঃ নং-</th><th>কমিটির সদস্যদের নাম পদবি</th><th>কমিটির পদবি</th></tr><tr><td>০১।</td><td>জনাব মোঃ বজলুর রহমান<br>পৌর নির্বাহী কর্মকর্তা<br>মানিকগঞ্জ পৌরসভা।</td><td>আহবায়ক</td></tr><tr><td>০২।</td><td>জনাব মো: শাহাদত হোসেন<br>নির্বাহী প্রকৌশলী<br>মানিকগঞ্জ পৌরসভা।</td><td>সদস্য</td></tr><tr><td>০৩।</td><td>জনাব গোবিন্দ নারায়ন সাহা<br>চুক্তিভিত্তিক কর্মী<br>মানিকগঞ্জ পৌরসভা।</td><td>সদস্য সচিব</td></tr></table></td><td>পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা</td></tr>
<tr><td></td><td>বিবিধ : (৩) TR প্রকল্পের গৃহীত প্রকল্প বাস্তবায়ন সংক্রন্ত সংক্রান্ত আলোচনা : (ক) সভায় পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বিগত প্রথম ও দ্বিতীয় পর্যায়ে TR প্রকল্প গ্রহণ ও বাস্তবয়নের পর্যায়ে ৪ নং ওয়ার্ডের ০৬ নং ক্রমিকের প্রকল্প অর্থাৎ চর হিজুলী জনাব আলী বাড়ি হতে চর হিজুলী কবরস্থান পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন প্রকল্পটির স্থানে অন্য একটি কাজ চলমান থাকায় উল্লেখিত প্রকল্পটি বাস্তবায়ন সম্ভব হচ্ছেনা। তৎপরিপ্রেক্ষিতে প্রকল্পটির প্রাক্কলিত অর্থ ঠিক রেখে সংশ্লিষ্ট ওয়ার্ডে জনগুরুত্ব পূর্ণ আরেকটি প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। তিনি বলেন ৪নং ওয়ার্ড কমিটির সম্মনিত সদস্য ঢাকুয়া পাড়া রাস্তা হতে পশ্চিম দিকে জহিরুলের বাড়ি পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ বাস্তবায়নের অনুরোধ করেছেন। তৎপরিপ্রেক্ষিতে TR প্রকল্পে চর হিজুলী জনাব আলীর বাড়ি হতে চর হিজুলী কবরস্থান পর্যন্ত রাস্তা মাটি দ্বারা</td><td>(ক) বিস্তারিত আলোচনান্তে চর হিজুলী জনাব আলী বাড়ি হতে চর হিজুলী কবরস্থান পর্যন্ত রাস্তা মাটি দ্বারা উন্নয়ন প্রকল্পটির প্রাক্কলিত অর্থ ঠিক রেখে প্রকল্পটির পরিবর্তে ঢাকুয়া পাড়া রাস্তা হতে পশ্চিম দিকে জহিরুলের বাড়ি পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।<br>(খ) বিস্তারিত আলোচনান্তে ধর্মীয় প্রতিষ্ঠান ও শিক্ষা প্রতিষ্ঠানের আবেদন সমূহ ও TLCC কমিটির প্রস্তাবিত সংযুক্ত প্রকল্প সমূহ TR প্রকল্পের বিপরীতে প্রাপ্ত ২৫,৮২,০০৯/২৮ (পঁচিশ লক্ষ বিরাশি হাজার নয় টাকা আটাশ পয়সা) এর বিপরীতে নিম্নলিখিত প্রকল্প সমূহ</td><td>নির্বাহী প্রকৌশলী মানিকগঞ্জ পৌরসভা।</td></tr>
</table>

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | উন্নয়ন কাজের পরিবর্তে ঢাকুয়া পাড়া রাস্তা হতে পশ্চিম দিকে জহিরুলের বাড়ি পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।<br><br>(খ) পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে আরো জানান যে, উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক গত ২৭/০৩/২০২৫ খ্রি. তারিখে ৫১.০১.৫৬৪৬.০০০. ০১১.২৫.২০৭ নং স্মারকের মাধ্যমে TR প্রকল্পের বিপরীতে ২৫,৮২,০০৯/২৮ (পঁচিশ লক্ষ বিরাশি হাজার নয় টাকা আটাশ পয়সা) বরাদ্দ পাওয়া গেছে। পত্রটি সভায় উপস্থাপন করা হয়। উল্লেখিত প্রাপ্ত অর্থের বিপরীতে প্রকল্প প্রেরণের জন্য বলা হয়েছে। তৎপরিপ্রেক্ষিতে TR প্রকল্প বাস্তবায়নে বিধি সহ প্রকল্প গ্রহনের নিয়মাবলী সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে উপস্থিত কর্মসম্পদন সহায়তা কমিটির সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন। জনগুরুত্ব ও ধর্মীয় অনুভুতি বিবেচনা পূর্বক ধর্মীয় প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও পৌরসভার বিভিন্ন স্থানে বাঁশের সাকো নির্মাণের বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। | বাস্তবায়নের অনুমোদনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। (প্রকল্প তালিকা নিচে) | |

| ক্রঃ নং- | প্রকল্পের নাম | প্রাক্কলিত অর্থ |
|---|---|---|
| ০১ | উত্তর সেওতা জিন্নাহ এর বাড়ী সামনে বাসের সাকু, সাদেকের বাড়ীর সামনে বাসের সাকু এবং মানরা মার্কাস উলুম সুন্নাহ মাদ্রাসা যাতায়াতের বাসের সাকু নির্মান। | ১,৪০,০০০.০০ |
| ০২ | ভূল জয়রা নারাঙ্গাই আল-আকসা জামে মসজিদ উন্নয়ন। | ১,১৫,০০০.০০ |
| ০৩ | উত্তর সেওতা জামে মসজিদ উন্নয়ন। | ১,১৫,০০০.০০ |
| ০৪ | নারাঙ্গাই পাকা রাস্তার আলাউদ্দিন প্রফেসর সাহেবের জমির পূর্ব সীমানা হতে ছাহেরা বেগম এর বাড়ী পর্যন্ত রাস্তা মেরামত। | ১,৭০,০০০.০০ |
| ০৫ | বৈতরা বায়তুন মামুন জামে মসজিদ উন্নয়ন। | ১,১৫,০০০.০০ |
| ০৬ | বনগ্রাম আবাসিক এলাকায় মসজিদ আল মিজান জামে মসজিদ উন্নয়ন। | ১,১৫,০০০.০০ |
| ০৭ | চর হিজুলী দক্ষিণ পাড়া জামে মসজিদ উন্নয়ন। | ১,১৫,০০০.০০ |
| ০৮ | শিববাড়ী মহাশ্মান উন্নয়ন। | ১,১৫,০০০.০০ |
| ০৯ | পূর্ব দাশড়া রহমতপুর কবরস্থান উন্নয়ন কাজ। | ১,১৫,০০০.০০ |
| ১০ | পশ্চিম দাশড়া আব্দুর রহমান জামে মসজিদ উন্নয়ন। | ১,১৫,০০০.০০ |
| ১১ | পশ্চিম দাশড়া দারুল আমান জামে মসজিদ উন্নয়ন। | ১,১৫,০০০.০০ |
| ১২ | দক্ষিণ পশ্চিম দাশড়া জামে মসজিদ উন্নয়ন। | ১,১৫,০০০.০০ |
| ১৩ | পশ্চিম দাশড়া কবরস্থান উন্নয়ন। | ১,১৫,০০০.০০ |
| ১৪ | মডেল হাই স্কুল খেলার মাঠে মাটি ভরাট ও পানি নিষ্কাশনের জন্য ড্রেন তৈরীর কাজ। | ২,০০,০০০.০০ |
| ১৫ | বান্দুটিয়া মদিনা মসজিদ উন্নয়ন। | ১,১৫,০০০.০০ |

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | ১৬ হাবীবে মসজিদ এলজিইডি সামনে উন্নয়ন। ১,১৫,০০০.০০<br>১৭ পিয়ারা বেগম হাফিজিয়া মাদ্রাসার উন্নয়ন। ১,১৫,০০০.০০<br>১৮ পশ্চিম বান্দুটিয়া চকপাড়া জান্নাতুল ফেরদৌস জামে মসজিদ নির্মান কাজ। ১,১৫,০০০.০০<br>১৯ চর বেউথা কবরস্থান জামে মসজিদ উন্নয়ন। ১,১৫,০০০.০০<br>২০ বেউথা পানি ট্যাংকি সংলগ্ন জামে মসজিদ উন্নয়ন। ১,১৫,০০০.০০<br>২১ কেওয়ারজানি হরুন্নাহার উচ্চ বিদ্যালয় উন্নয়ন। ১,১৭,০০৯.২৮ | |
| | **বিবিধ : (৪) পবিত্র ঈদ-উল-আযহা, ২০২৫ উদযাপন উপলক্ষে কোরবানীর পশুর উচ্ছিষ্ট ময়লা আবর্জনা অপসারণ প্রসঙ্গে আলোচনা :-** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, প্রতিবছর পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে ধর্মপ্রাণ মুসলমানগণ পশু কোরবানী করে থাকেন। পশু কোরবানীর পর পশুর রক্ত মাংশ ও উচ্ছিষ্টাংশ পৌরসভার মাধ্যমে পরিস্কার করতে হয়। অন্যথায় দুর্গন্ধ ছড়িয়ে পরিবেশ দুষিত হয়। তৎপরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক পৌরসভার বিভিন্ন এলাকায় ৩৩(তেত্রিশ) টি পশু জবাইয়ের স্থান নির্ধারণ করা হয়েছে। উল্লেখিত স্থান সমূহ হতে সংরক্ষিত জবাই করা পশুর বর্জ্য যথা সময়ে পৌরসভার মাধ্যমে অপসারণ করা হয়ে থাকে। পৌর নির্বাহী কর্মকর্তা পৌর এলাকার নির্ধারিত ৩৩(তেত্রিশ) টি পশু জবাইয়ের স্থানের তালিকা সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | বিস্তারিত আলোচনান্তে নির্দিষ্ট স্থানে পশু জবাই করার এবং পশু জবাইয়ের পর উচ্ছিষ্টাংশ (জবাই করা পশুর বর্জ্য) সংরক্ষণের জন্য প্রচার প্রচারণা সহ নির্দিষ্ট সময়ে ময়লা আবর্জনা পৌরসভার মাধ্যমে অপসারণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো এবং এ সংক্রান্ত যাবতীয় ব্যয় পৌরসভার রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা<br>+<br>স্যানেটারী ইন্সপেক্টর<br>ও<br>কঞ্জারভেন্সী ইন্সপেক্টর মানিকগঞ্জ পৌরসভা |
| | **বিবিধ : ৫ : টিসিবি এর আওতায় স্মার্ট কার্ড বিতরন সংক্রান্ত আলোচনা:** পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, টিসিবির আওতায় উপকারভোগী ৭,৬৫৯ টি টিসিবি ফ্যামেলী কার্ড অনলাইনে এন্টি দেওয়া হয়েছে। ইতোমধ্যে ২৮/০৫/২০২৫ খ্রি. পর্যন্ত উপজেলা, মানিকগঞ্জ অফিস হতে ৪,৯৯৭টি উপকারভোগী টিসিবি স্মার্ট ফ্যামেলী কার্ড ভেরিফাই হয়েছে। ৮৮৪টি টিসিবি স্মার্ট ফ্যামেলী কার্ড সংশোধনের অপেক্ষমান তালিকায় রয়েছে এবং বর্তমানে টিসিবি কার্ড সংশোধন হচ্ছেনা বিধায় বাদবাকী ৮৯৬টি টিসিবি স্মার্ট ফ্যামেলী কার্ড নতুন করে এন্টি দিতে হবে। পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, অদ্যকার সভায় উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে ৮৯৬টি টিসিবি স্মার্ট ফ্যামেলী কার্ড নতুন করে এন্টি দেওয়া প্রয়োজন। আগামী ৭ জুন, ২০২৬ খ্রি. তারিখ পবিত্র ঈদ-উল-আযহা। | বিস্তারিত আলোচনান্তে পবিত্র ঈদ-উল-আযহার পর পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্যদের পরামর্শ অনুযায়ী অপেক্ষমান ৮৮৪টি টিসিবি স্মার্ট ফ্যামেলী কার্ড পর্যালোচনা পূর্বক এবং ৮৯৬টি টিসিবি স্মার্ট ফ্যামেলী কার্ড নতুন করে এন্টি প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা মানিকগঞ্জ পৌরসভা |

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | তাই অল্প সময়ে নতুন টিসিবি তালিকা এন্ট্রি দেওয়া সম্ভব নয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। | | |

পরিশেষে অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে প্রস্তাবিত বাজেট অনুসরন করাসহ পবিত্র ঈদ-উল আযহার অগ্রীম শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(সানজিদা জেসমীন)
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।
E-mail: manikganj_municipality@yahoo.com
তারিখঃ২৯/০৫/২০২৫

সানজিদা জেসমীন
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ
ও
উপ-পরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার, মানিকগঞ্জ

স্মারক নং- মাপৌ/প্রশাঃ-সাধাঃ-২০২৫-৪৬৪

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।

০৩। জনাব.........................................................................পৌর কর্মসম্পাদন সহায়তা কমিটির সদস্য (সকল), মানিকগঞ্জ পৌরসভা।

০৪। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা।

০৫। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা।

০৬। জনাব..........................................................পদবি............................শাখা.............................. মানিকগঞ্জ পৌরসভা।

০৭। প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সংশ্লিষ্ট কার্যবিবরণী পৌরসভার নিজস্ব ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য বলা হলো।

০৮। সংশ্লিষ্ট নথি।

প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

সানজিদা জেসমীন
প্রশাসক
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ
ও
উপ-পরিচালক (উপসচিব)
স্থানীয় সরকার, মানিকগঞ্জ